খুলনায় ডেঙ্গু আক্রান্ত নারীর মৃত্যু

খুলনা মেডিকেল কলেজ (খুমেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শাহিদা
(৫০) নামের এক ডেঙ্গু আক্রান্ত রোগী মারা গেছেন। বুধবার ভোরে তিনি মারা যান।

খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক ফিজিসিয়ান (আরপি) ডা. শৈলেন্দ্রনাথ বিশ্বাস মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার পশারীবুনিয়া গ্রামের সাইদুর রহমানের স্ত্রী।

হাসপাতাল সূত্রে জানা যায়, মঙ্গলবার রাত ৮টার দিকে ওই নারীকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তিনি বেশ কিছুদিন ধরে জ্বরে ভুগছিলেন। ডেঙ্গু ছাড়াও ওই রোগী ডায়বেটিকস ও লিভারের রোগে আক্রান্ত ছিলেন বলে চিকিৎসকরা জানিয়েছেন।

এ নিয়ে গত দুই মাসে ডেঙ্গু আক্রান্ত হয়ে খুলনায় ৬ জনের মৃত্যু হয়েছে।